

বিএসএমএমইউ-এর গাইনী বিভাগের অধ্যাপক ডা. বেগম নাসরীনের স্বামী ডা. শেখ আছির উদ্দিনের মৃত্যুতে
মাননীয় উপাচার্য মহোদয়ের শোক প্রকাশ, শ্রদ্ধাঞ্জলি নিবেদন

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)-এর অবস এন্ড গাইনী বিভাগের অধ্যাপক ডা. বেগম নাসরীনের স্বামী ডা. শেখ আছির উদ্দিন (৫৩) আজ সোমবার ১৪ মে ২০১৮, সকাল ১০টায় এ বিশ্ববিদ্যালয়ের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি...রাজিউন)। মৃত্যুকালে তিনি স্ত্রী, আত্মীয়-স্বজনসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তাঁর মৃত্যুতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া গভীর শোক প্রকাশ করেছেন এবং মরহুমের শোক সন্তুষ্ট পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন। মরহুম বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে আজ সোমবার ১৪ মে ২০১৮, দুপুরে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে তাঁর নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। এরপর মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া মরহুমের কফিনে পুষ্পস্তবক অপর্ণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। এসময় এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, সাবেক উপ-উপাচার্য অধ্যাপক মোহাম্মদ সহিদুল্লা, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদের ডীন অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান, মেডিক্যাল টেকনোলজি অনুষদের ডীন অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, এনেসথেশিয়া, এনালজেশিয়া ও আইসিইউ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. দেবব্রত বনিক, চক্ষু বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ জাফর খালেদ, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, সহযোগী অধ্যাপক ডা. রেজাউল করিম প্রমুখসহ এ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ, শিক্ষক, শিক্ষার্থী, চিকিৎসক, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।